বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৪৩)
E-mail : dgmsme@krishibank.org.bd

এসএমই বিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৭-১৮/ 92

তারিখ : ১৭/১০/২০১৭

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বার্ষিক সম্মেলন-২০১৭ এ পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন এবং বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ২৩/০৯/২০১৭ তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংক, স্টাফ কলেজ, ঢাকায় বার্ষিক সম্মেলন-২০১৭ অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে অত্র ব্যাংকের চলতি অর্থবছরে এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা সেপ্টেম্বর/২০১৭ এর মধ্যে ২৫% এবং ডিসেম্বর/২০১৭ এর মধ্যে ৫০% অর্জন নিশ্চিতকরণের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ২০১৭-১৮ অর্থ বছরের প্রারম্ভেই অত্র ব্যাংকের বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে বর্তমান অর্থবছরের ৩ মাস অতিক্রান্ত হলেও ব্যাংকের বার্ষিক এসএমই ঋণ বিতরণ, আদায় এবং শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয় নাই। ৩০/০৯/২০১৭ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | | অর্জন | অর্জনের শতকরা হার (%) | বিগত বছরে একই সময়ে অর্জন | ঋণ আদায় লক্ষ্যমাত্রা | | আদায় | আদায়ের হার (%) | বিগত বছরে একই সময়ে অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বার্ষিক লক্ষ্যমাত্রা | ত্রৈমাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা | | | | বার্ষিক লক্ষ্যমাত্রা | ত্রৈমাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা | | | |
| ১ | ঢাকা | ২৮০.০০ | ৭০.০০ | ২৯.২৭ | ৪২% | ১৫.৪৭ | ৭৭.৩০ | ১৯.৩৩ | ১৮.১৬ | ৯৪% | ১১.৫২ |
| ২ | ময়মনসিংহ | ১৬৫.০০ | ৪১.২৫ | ১১.২৩ | ২৭% | ১০.৫৩ | ৪৫.৩০ | ১১.৩২ | ৮.১৭ | ৭২% | ৭.৭২ |
| ৩ | চট্টগ্রাম | ১৭০.০০ | ৪২.৫০ | ১৪.৯৫ | ৩৫% | ৪.২৫ | ৩০.১৫ | ৭.৫৪ | ৫.৪৯ | ৭৩% | ৫.৫৮ |
| ৪ | খুলনা | ১৪০.০০ | ৩৫.০০ | ১০.৫৮ | ৩০% | ৪.৬৪ | ৩৩.৯০ | ৮.৪৮ | ৬.৮৭ | ৮১% | ০.১০ |
| ৫ | বরিশাল | ৫০.০০ | ১২.৫০ | ২.৫১ | ২০% | ১.৮৬ | ৮.৮০ | ২.২০ | ০.৪৩ | ২০% | ০.৪০ |
| ৬ | সিলেট | ৮০.০০ | ২০.০০ | ৯.৩৬ | ৪৭% | ৪.৪৫ | ২৬.৯০ | ৬.৭২ | ৮.৫৭ | ১২৭% | ৩.১১ |
| ৭ | কুমিল্লা | ২২০.০০ | ৫৫.০০ | ২১.৪৮ | ৩৯% | ১৭.১৭ | ৫৪.৮৩ | ১৩.৭১ | ১০.৯৪ | ৮০% | ৮.৭১ |
| ৮ | কুষ্টিয়া | ১৪০.০০ | ৩৫.০০ | ১০.৩৫ | ৩০% | ৩.৭৪ | ২৩.১০ | ৫.৭৭ | ৭.৯৯ | ১৩৮% | ৪.৪১ |
| ৯ | ফরিদপুর | ১০৫.০০ | ২৬.২৫ | ১০.৭১ | ৪১% | ২.৩৯ | ১৯.৬০ | ৪.৯০ | ২.৮৩ | ৫৮% | ১.৬৮ |
| ১০ | এলপিও | ৫০.০০ | ১২.৫০ | ১.৫২ | ১২% | ০ | ০.১২ | ০.০৩ | ৭.২২ | ২৪০৬৬ % | ৩.৪১ |
| | মোটঃ | ১৪০০.০০ | ৩৫০.০০ | ১২১.৯৬ | ৩৫% | ৬৪.৫০ | ৮০.০০ | ৩২০.০০ | ৭৬.৬৭ | ৯৬% | ৪৬.৬৪ |

০৪। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ঃ

(ক) ঋণ বিতরণ ঃ কোন বিভাগই এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয় নাই। স্থানীয় মুখ্য কার্যালয়, বরিশাল, ময়মনসিংহ, খুলনা, চট্টগ্রাম, কুমিল্লা এবং কুষ্টিয়া বিভাগের ঋণ বিতরণ পরিস্থিতি হতাশাব্যঞ্জক। এছাড়াও ঢাকা, সিলেট ও ফরিদপুর এর ঋণ বিতরণ পরিস্থিতিও সন্তোষজনক নয়।

(খ) ঋণ আদায় ঃ এলপিও ,কুষ্টিয়া ও সিলেট বিভাগ ব্যতীত অন্যান্য সকল বিভাগ বার্ষিক এসএমই ঋণ আদায়ের ত্রৈমাসিক আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে ব্যর্থ হয়েছে। বরিশাল বিভাগের ঋণ আদায় পরিস্থিতি হতাশাব্যঞ্জক। এছাড়াও ফরিদপুর বিভাগ এর ঋণ আদায় পরিস্থিতিও সন্তোষজনক নয়।

০৫। বার্ষিক সম্মেলন-২০১৭ এ এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ ইত্যাদি বিষয় সম্পর্কিত বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়েছে যা নিম্নরূপঃ

(ক) অর্থ মন্ত্রনালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রণীত ব্যাংকের Annual Performance Agreement (APA) এর ভিত্তিতে বার্ষিক এসএমই ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে অঞ্চল সমূহ কর্তৃক শাখার পারফরমেন্স প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে, বিভাগ সমূহ কর্তৃক অঞ্চলের পারফরমেন্স প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে এবং প্রধান কার্যালয় কর্তৃক বিভাগ সমূহের পারফরমেন্স প্রতি মাসের ১২ (বার) তারিখের মধ্যে নিয়মিত ভাবে মনিটরিং করতে হবে;

(খ) বছরের শুরু থেকেই পরিকল্পনা মাফিক ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক লক্ষ্যমাত্রার আনুপাতিক হারে গুণগত মান সম্পন্ন এসএমই ঋণ বিতরণ করে পারফর্মিং এসেট বৃদ্ধি করতে হবে। যাতে করে বছর শেষে ঋণের সর্বোচ্চ পরিমাণ সুদ আয় খাতে স্থানান্তর করা সম্ভব হয়;

(গ) এসএমই খাতে ঋণ বিতরণের উপর অধিক জোর দিতে হবে। প্রতিটি শাখাকে প্রতি মাসে ৫-১০টি করে এসএমই ঋণ/কৃষি ভিত্তিক প্রকল্প ঋণ বিতরণ করতে হবে এবং নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার ভিত্তিতে এসএমই ঋণ বিতরণ করতে হবে;

(ঘ) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ২২ আগষ্ট, ২০১৭ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৩ এর নির্দেশনা অনুসরণ পূর্বক এসএমই খাতের কুটির ও মাইক্রো ঋন পুনঃতফসিলিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ পুনঃতফসিলকৃত ঋণের প্রয়োজনীয় তথ্যাদি শাখায় সংরক্ষণ করতে হবে। পুনঃতফসিলকৃত এসএমই ঋণগুলো যাতে পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিনত না হয় সে লক্ষ্যে উক্ত ঋণসমূহ সিডিউল অনুযায়ী/ঋণের কিস্তিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় ঋণ পুনঃতফসিলিকরণ সংক্রান্ত দিক নির্দেশনাসমূহ বাস্তবায়নের বিষয়টি মনিটরিং করবেন;

(ঙ) শ্রেণীকৃত এসএমই ঋণ আদায় পূর্বক ৫২-স্থগিত সুদ হতে পর্যাপ্ত পরিমাণ টাকা আয় খাতে স্থানান্তর করতে হবে। এছাড়াও বিভাগীয় প্রধান ও অঞ্চল প্রধানগণ সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে শাখা ভিত্তিক শ্রেণীকৃত এসএমই ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি নিশ্চিত করতে নিবিড়ভাবে মনিটরিংসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

০৬। এমতাবস্থায়, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ পূর্বক আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের বার্ষিক লক্ষ্যমাত্রার ৫০% অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ সহ বিভাগওয়ারী এসএমই ঋণের পারফরমেন্স মাসিক ভিত্তিতে এসএমই বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৭/১০/২০১৭

(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৭-১৮/ ৯২ (১২৫০)

তারিখঃ ঐ

<u>সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা; (তাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)।
০৯. নথি/ মহানথি।

১৭.১০.১৭

(মোঃ গোলাম মোস্তফা)
সহকারী মহাব্যবস্থাপক